গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.০৩.০০১.১৮- ১২৪ তারিখ: ১৯ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয় : পাবলিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নে নির্ভরযোগ্য নম্বর প্রদান নিশ্চিত করার লক্ষ্যে নির্দেশনা।**

সূত্র : শিক্ষা মন্ত্রণালয় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের মাধ্যমিক-৩ এর স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৬.০০৭, ২০১৬-১২৪, তারিখ : ৩১/০১/২০১৭ খ্রিঃ

বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিটের (BEDU) এর গবেষণা থেকে দেখা গিয়েছে যে, সূত্রে বর্ণিত স্মারক অনুযায়ী নম্বর প্রদান নির্দেশিকাসহ নমুনা উত্তর প্রনয়ণ ও তার ভিত্তিতে উত্তর পত্র মূল্যায়নের ফলে বিগত বছরগুলোর তুলনায় ২০১৭ সালের এসএসসি পরীক্ষায় উত্তরপত্র মূল্যায়নে গুণগত মান বৃদ্ধি পেয়েছে। **তাই এ কার্যক্রম চলমান থাকবে।**

উল্লেখ্য যে, ২০১৮ সাল থেকে সকল বোর্ডে প্রতিটি বিষয়ে এসএসসি পরীক্ষা অভিন্ন প্রশ্নপত্রে অনুষ্ঠিত হচ্ছে। তাই উত্তরপত্র মূল্যায়নের জন্য ব্যবহার্য নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর সকল বোর্ডের জন্য অভিন্ন হওয়া বাঞ্ছনীয়। এ কারণে কেন্দ্রীয়ভাবে ঢাকা বোর্ডের তত্ত্বধানে অভিজ্ঞ প্রধান পরীক্ষকদের দ্বারা সৃজনশীল/ রচনামূলক প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর প্রনয়ন করা হবে এবং ই-মেইল মারফত সকল বোর্ডে প্রেরণ করা হবে। এছাড়া বহু নির্বাচনি প্রশ্নের উত্তর মালার ছক (Key Table) কেন্দ্রীয়ভাবে প্রনয়ণ করা হবে।

এ প্রেক্ষাপটে প্রতিটি বিষয়ে অভিন্ন প্রশ্নপত্রে অনুষ্ঠিত পরীক্ষায় উত্তরপত্রে নম্বর প্রদান নির্ভরযোগ্য করার লক্ষ্যে নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ করার জন্য প্রতিটি শিক্ষা বোর্ডকে নির্দেশ অনুরোধ করা হলো।

১.০ <u>পরীক্ষকগণের ব্রিফিং:</u>

১.১ সকল সাধারণ শিক্ষা বোর্ড পরীক্ষকের সংখ্যা অনুযায়ী ঢাকা বোর্ড কর্তৃক প্রেরিত নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর ছাপানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১.২ প্রধান পরীক্ষক ও পরীক্ষকগণের মধ্যে উত্তরপত্র বিতরণের দিন সংশ্লিষ্ট বিষয়ে BEDU কর্তৃক প্রশিক্ষিত ১ জন প্রধান পরীক্ষক মাল্টিমিডিয়া প্রজেক্টর ব্যবহার করে সংশ্লিষ্ট বিষয়ের প্রশ্নপত্রের প্রতিটি প্রশ্নের প্রতিটি অংশের নম্বর প্রদান নির্দেশিকাসহ নমুনা উত্তর ব্যাখা করবেন। এই ব্রিফিং এর জন্য ন্যূনতম ৩ ঘন্টা সময় বরাদ্দ থাকবে।

১.৩ সংশ্লিষ্ট বিষয়ের উত্তরপত্র বিতরণের দিন এই ব্রিফিং-এ প্রত্যেক পরীক্ষকের অংশ গ্রহণ নিশ্চিত করতে হবে। যাঁরা এই ব্রিফিং-এ অনুপস্থিত থাকবেন তাঁদেরকে উত্তরপত্র সরবরাহ করা যাবে না।

১.৪ নম্বর প্রদান সম্পর্কিত ব্রিফিং শেষে বোর্ড কর্তৃপক্ষ পরীক্ষকগণের মধ্যে উত্তরপত্র বিতরণ করবেন। বোর্ড কর্তৃপক্ষ নিশ্চিত করবেন যে, প্রত্যেক প্রধান পরীক্ষক ও পরীক্ষক নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তরসহ সংশ্লিষ্ট বিষয়ের উত্তরপত্র পেয়েছেন।

১.৫ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ BEDU কর্তৃক ১২ দিনের প্রশিক্ষণপ্রাপ্ত মাস্টার ট্রেইনারগণের তত্বাবধানে নমুনা নম্বর প্রদান নির্দেশিকা (নমুনা উত্তরসহ) তৈরি করবেন এবং উপরোক্ত প্রক্রিয়া অনুসরণ করে প্রধান পরীক্ষক ও পরীক্ষকগণের মধ্যে উত্তরপত্র বিতরণ করবেন।

১.৬ সকল বোর্ড কেন্দ্রীয়ভাবে প্রণীত বহুনির্বচনি প্রশ্ন (MCQ) এর অভিন্ন উত্তরমালা (Key Table) অনুসরণ করে বহুনির্বাচনি প্রশ্নের উত্তর মূল্যায়ন করবেন।

২.০ **প্রধান পরীক্ষকগণের প্রতিবেদন:**

২.১ প্রধান পরীক্ষক তার অধীন পরীক্ষকদের মোট উত্তরপত্র থেকে দৈবচয়নের মাধ্যমে ১২% উত্তরপত্র বাছাই করবেন এবং পুর্নমূল্যায়ন করবেন। উত্তরপত্র বাছাই করার সময় এটি নিশ্চিত করতে হবে যে তার আওতাধীন প্রত্যেক পরীক্ষকের উত্তরপত্রই উল্লিখিত ১২% এর অন্তর্ভূক্ত থাকে।

২.২ প্রধান পরীক্ষক উল্লিখিত ১২% এর প্রতিটি উত্তরপত্রের নম্বর, পরিবর্তিত নম্বর প্রদানের ফর্মে বোর্ডের নিকট প্রেরণ করবেন।

২.৩ ঢাকা বোর্ডের মাধ্যমে BEDU থেকে নির্দেশনা না পাওয়া পর্যন্ত প্রধান পরীক্ষকগণ উল্লিখিত ১২% উত্তরপত্র আবশ্যিকভাবে তাঁর নিকট সংরক্ষণ করবেন।

৩.০ **বোর্ডসমূহের করণীয়:**

৩.১ সংশ্লিষ্ট বোর্ড কর্তৃপক্ষ (৯টি বোর্ড) ফলাফল প্রকাশের অব্যবহিত পরেই তাঁদের কাছে জমাকৃত প্রধান পরীক্ষক কর্তৃক পুর্নমূল্যায়নকৃত ১২% উত্তরপত্রের ওপর প্রস্তুতকৃত প্রতিবেদন চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর মাধ্যমে বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট (BEDU)-এ প্রেরণ করবেন।

৩.২ শিক্ষা বোর্ডসমূহ পরীক্ষার ফল প্রকাশের পর গবেষণা কাজের জন্য পরীক্ষার ফলাফলের পূর্ণাঙ্গ ডাটা বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিটে (BEDU) অগ্রাধিকার ভিত্তিতে প্রেরণ করবেন।

৩.৩ চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা, বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিটকে প্রধান পরীক্ষকবৃন্দের প্রেরিত প্রতিবেদনের উপর একটি প্রতিবেদন তৈরি করার নির্দেশনা প্রদান করবেন।

৩.৪ চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট কর্তৃক প্রণীত উক্ত প্রতিবেদন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করবে।

**(চৌধুরী মুফাদ আহমদ)**
অতিরিক্ত সচিব

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

ঢাকা/কুমিল্লা/যশোর/বরিশাল/সিলেট/রাজশাহী/দিনাজপুর/চট্টগ্রাম

এবং

বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা।
৩. যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা/কুমিল্লা/যশোর/বরিশাল/সিলেট/রাজশাহী/দিনাজপুর/চট্টগ্রাম এবং বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড।
৬. ফোকাল পয়েন্ট, বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্রমিক শিক্ষাবোর্ড, ঢাকা/কুমিল্লা/যশোর/বরিশাল/সিলেট/রাজশাহী/দিনাজপুর/চট্টগ্রাম এবং বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড।
৯. অফিস কপি।